২০জানুয়ারি ২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ ঈফফাত জাহান তুলি
প্রশাসক
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ২০ জানুয়ারি ২০২৬ খ্রিঃ।
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গবাদি পশু যাতে কোন রোগ বালাই মাধ্যমে অসুস্থ হতে না পারে সেজন্য মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। পশু জবাই করার ক্ষেত্রে পশুর নিরীক্ষা কার্যক্রমে কসাইদের আগ্রহ কম। এক্ষেত্রে সচেতনতামূলক প্রচারনা চালাতে হবে। অসুস্থ পশু যাতে কোথাও জবেহ না হয় সেবিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে। নির্মিত ট্রেনিং সেন্টারের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | ১। সেবার ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। গবাদি পশুদের রোগ বালাই হতে মুক্ত রাখতে মনিটরিং কার্যক্রম চলমান রাখতে হবে।<br>৩। উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | ১। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আউটডোরে মোট রোগী-৯৮৭২ জন,জরুরী বিভাগে মোট রোগী- ১৭০০ জন, মোট ভর্তি রোগী-৫৩৪ জন,প্যাথলজি মোট রোগী-৩৯৭ জন, আলট্রাসনোগ্রাম মোট- ২৬ জন, এক্স-রে রোগী- ৭৮, ইসিজি- ৪৩ জন, এ্যাম্বুলেন্স সার্ভিস সংখ্যা- ৫৮, নরমাল ডেলিভেরী- ৬৮ জন, সিজারিয়ান সেকশন-০জন, আইএমসিআই- ৬৪৩ জন, কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা – ৩৮,৫৭৩ জন।<br>তাছাড়া অত্র হাসপাতালে এনসিডি কর্নার, স্যাম কর্নার, ব্রেস্টফিডিং কর্নার, ইপিআই সহ অন্যান্য কার্যক্রম সিমিত জনবল দিয়েই চালু রয়েছে।<br>অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নভেম্বর/২০২৫ইং মাসে মোট ইউজার ফি ১,৪৫,১৯৪/- সরকারী কোষাগারে জমা প্রদান করা হইয়াছে। তিনি আরোও জানান ১। জনবলের তীব্র সংকট বিশেষ করে বিশেষজ্ঞ চিকিৎসকের ১১টি পদ থাকলেও কর্মরত আছে মাত্র দুই জন তারও একজন প্রেষনে অনত্র কর্মরত। মেডিকেল অফিসারের ২৩টি পদ থাকলেও কর্মরত | জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং হাসপাতালের হাসপাতালের স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করা ও জনগনের ভোগান্তি লাঘবের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

আছে মাত্র ৩ জন। উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসারের মোট পদ ১৭টি থাকলেও কেউ কর্মরত নেই। এত কম সংখ্যক জনবল দ্বারা চিকিৎসা সেবা অব্যাহত রাখা খুবই কষ্ট কর হচ্ছে। তাছাড়া ৩য় ও ৪র্থ শ্রেনীর ১৫৩টি পদের মধ্যে কর্মরত আছে মাত্র ৮০ জন শুন্য রয়েছে ৭৩ জন। ৭টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ফার্মাসিষ্ট কর্মরত আছে মাত্র ৭জন। তাদের সপ্তাহে সাব-সেন্টারে ৩দিন কর্মরত রেখে বাকি দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কাজ করানো হয়। এমতাবস্থায় হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম সচল রাখা খুবই জটিল হয়ে পরেছে।

২। পরিচ্ছন্নতা কর্মীর ৫টি পদ থাকলেও কর্মরত রয়েছে মাত্র ২জন। বিধায় বিধায় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা খুবই কষ্টকর হচ্ছে।

৩। হাসপাতালে নিরাপত্তা কর্মীর ২টি পদ থাকলেও কেউ কর্মরত নেই। ফলে হাসপাতালের সার্বিক নিরাপত্তা দেওয়া সম্ভব হচ্ছে না। বিধায় রাতের বেলা নিরাপত্তা নিশ্চিতের জন্য পুলিশ টহল জরুরী। ৪। জরুরী সংকটাপন্ন রোগীদের সেবার জন্য সেন্ট্রাল অক্সিজেন প্রয়োজন।

৫। উন্নত সেবার জন্য একটি ডিজিটাল এক্স-রে মেশিন প্রয়োজন।

৬। লোড শেডিং এর সময় রোগীদের স্বস্তির জন্য সোলার প্লান্টের প্রয়োজন।

৭। ওয়ার্ডের ময়লা আবর্জনা যাতে রোগীর লোকজন জানালা দিয়ে বাহিরে ফেলে নোংরা করতে না পারে সেজন্য সকল ওয়ার্ডের জানালায় জরুরী ভিত্তিতে নেট/জাল লাগানোর ব্যবস্থা করতে হবে।

৮। হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য ৩ জন পরিচ্ছন্নতা কর্মী প্রয়োজন।

৯। ব্রেস্টফিডিং কর্নার ও কিডস প্লে জোন এর জন্য সহযোগীতা প্রয়োজন।

নিম্নলিখিত উপ-স্বাস্থ্য কেন্দ্র গুলিতে জনগনের মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানের জন্য জরুরী ভিত্তিতে মেরামত প্রয়োজন।

১। বামনডাঙ্গা উপ-স্বাস্থ্য কেন্দ্র: মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

২। বেলকা উপ-স্বাস্থ্য কেন্দ্রঃ বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

৩। কঞ্চিবাড়ি উপ-স্বাস্থ্য কেন্দ্র: মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

৪। শোভাগঞ্জ উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

৫। হরিপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

৬। চন্ডিপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

৭। ধর্মপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকা এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্কুল কলেজের কার্যক্রম যথাযতভাবে মনিটরিং করা হচ্ছে যাতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হয়। বর্তমানে বার্ষিক পরীক্ষা শেষ হওয়ার কারনে পাঠদান কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রয়েছে। স্কুল, মদ্রাসায় ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি মাস হতে যথাসময়ে পাঠদান কার্যক্রম শুরু করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | অফিসার ইন চার্জ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৮. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র অফিসের বিভিন্ন ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ আদায়ও সন্তোষজন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১০. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় নির্বাচন। নির্বাচনকে সামনে রেখে ভোট কেন্দ্র সমূহের মেরামত কাজ চলমান রয়েছে এবং প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রে সিসি ক্যামেরা লাগানোর কাজ চলমান রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ভাতার কোন বরাদ্দ নাই। বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১২. | সামাজিক বন বিভাগ | অফিসার ইন চার্জ সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন শীতকালে বিভিন্ন দেশ হতে অতিথী পাখি আমাদের দেশে আসে। এসব অতিথী পাখী সংরক্ষনে আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগে কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান তার দপ্তরের কাজ স্বাভাবিক রয়েছে। টিআর ও কাবিখার প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের কাজ যাতে সুষ্ঠভাবে সম্পন্ন হয় সেজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কিছুটা লোড শেডিং হচ্ছে। সুন্দরগঞ্জ উপজেলায় প্রচুর বকেয়া বিল রয়েছে। বকেয়া বিল পরিশোধ করার জন্য মাইকিং করা হয়েছে। যথাসময়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ না করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বকেয়া বিল পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিডব্লিউবির চাল বিতরনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। মা ও শিশু সহায়তা কর্মসূচীর নাম প্রতিমাসে ২২ তারিখের মধ্যে দেয়ার জন্য অনুরোধ জানান। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, তার অফিসের কাজ স্বাভাবিক চলছে। তিনি পোষ্টাল ব্যালটের ভোট প্রদান বিষয়ে সকলকে অবহিত করেন। তিনি জানান সুন্দরগঞ্জ উপজেলায় ৩০৯৯ জন পোষ্টাল ব্যালটে ভোটের জন্য নিবন্ধন করেছেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | জরুরী নলকুপ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ এবং স্থাপন করা হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান সুন্দরগঞ্জ উপজেলার ০৩ জন প্রশিক্ষনার্থীকে প্রশিক্ষনের জন্য রংপুরে প্রেরণ করা | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে এবং নিয়মিতভাবে প্রশিক্ষনের জন্য প্রশিক্ষনার্থী প্রেরণ করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২১. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২২. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ |
| ২৪. | অফিসার ইন চার্জ | অফিসার ইন চার্জ সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সুন্দরগঞ্জের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সামনে ত্রয়োদশ সংসদ নির্বাচন। নিবাচন উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে স্বাভাবিক থাকে সেজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে কোন কারনে অবনতি না হয় সেজন্য তিনি সকলকে সজাগ থাকতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী ২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৫. | উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। আগামী ১২ই ফেব্রুয়ারি ২০২৬ ত্রয়োদশ জাতীয় নির্বাচন। নির্বাচনকে সামনে রেখে যাতে কোন ধরনের অপ্রতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে। বাংলাদেশ সেনাবাহিনী সুন্দরগঞ্জ উপজেলায় তাদের ক্যাম্প স্থাপন করেছে এবং আইন শৃঙ্খলা রক্ষার্থে তাদের টহল চলমান রয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানদেরকে গ্রাম পুলিশদের মাধ্যমে প্রতিটি ইউনিয়নে টহল বৃদ্ধি করতে অনুরোধ করেন। ২১ জানুয়ারি ২০২৬ তারিখ জাতীয় নির্বাচনের প্রতীক বরাদ্দ করা হবে। ২২ জানুয়ারি ২০২৬ তারিখ হতে প্রচারনা শুরু হবে। প্রচারনার ক্ষেত্রে নির্বাচন কমিশনের নীতিমালা অনুযায়ী প্রচারনা চালাতে হবে। ১২৩টি ভোট কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশনা রয়েছে। সিসি ক্যামেরা স্থাপনের কাজ চলমান রয়েছে। ভোট কেন্দ্রের সিসি ক্যামেরা সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। নির্বাচনকে সামনে রেখে সকলকে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে স্ব স্ব অবস্থান হতে সজাগ থাকতে হবে। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি ২০২৫-২৬ অর্থ বৎসরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ি এর প্রাপ্ত অর্থ দ্বারা বাস্তবায়িতব্য প্রস্তাবিত প্রকল্পসমূহ এবং প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে পরিশিষ্ট- "গ" অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বৎসরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসাবাড়ি এর প্রাপ্ত অর্থ দ্বারা বাস্তবায়িতব্য প্রস্তাবিত প্রকল্পসমূহ পরিশিষ্ট- "গ" সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উন্নয়নের এধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

**০১/০১/২০২৬ হতে ৩০/০১/২০২৬ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | জানুয়ারি-২৬ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,০০০/- |
| ২ | জানুয়ারি - ২৬ মাসের জ্বালানী বিল (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৪,৭০৩/- |
| ৩ | জানুয়ারি - ২৬ মাসের নিরাপত্তা খাতে ব্যয় | ঃ | ১০,০০০/- |
| ৪ | জানুয়ারি - ২৬ মাসের দৈনিক মজুরী খাতে ব্যয় (০২ জন) | ঃ | ২৮,০০০/- |
| ৫ | ১৬ই ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবস উপলক্ষ্যে ব্যয় | ঃ | ৫০,০০০/- |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০১/২৬

(ঈফফাত জাহান তুলি)
প্রশাসক
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ১১৭-০১

তারিখ ঃ ০৬ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। উপজেলা . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৮। অফিস কপি।

২০/০১/২৬

(ঈফফাত জাহান তুলি)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
unosundarganj@mopa.gov.bd

**২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ**